

১০ লাখ টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ চৌদ্দগ্রামে শিক্ষক সমিতির যোগসাজশে নিম্নমানের বইয়ের ছড়াছড়ি

■ চৌদ্দগ্রাম (সুবিজ্ঞা) সংবাদদাতা

চৌদ্দগ্রামে উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি কর্মকর্তাদের যোগসাজশে বিগত বছরগুলোর ন্যায় এবারও শিক্ষার্থীদের কাছে নিম্নমানের সহপাঠ বই বিক্রি করে কমপক্ষে বিশ লাখ টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ পাওয়া গেছে।

শিক্ষায়ন্ত্রী নূরুল ইসলাম নাহিদ আগামী ১৬ মার্চ চৌদ্দগ্রাম আগমনের সংবাদে বিক্ষুব্ধ অনেক অভিভাবক স্থানীয় পত্রিকা অফিসে হাজির হয়ে বেআইনিভাবে অতিরিক্ত মূল্যে শিক্ষকদের নিম্নমানের বই বিক্রির বিষয়টি তুলে ধরার অনুরোধ জানান। অভিভাবকমহ মহেতব মহলের অভিযোগ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা বেসরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির যোগসাজশে এ অবৈধ কাজটি চলার কারণে আবেদন নিবেদন করেও এর কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না।

এ ব্যাপারে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দেওয়ান মোঃ জাহাঙ্গীর বলেন, এনসিটিবির পক্ষ থেকে বর্ত থেকে নবম শ্রেণী পর্যন্ত একটি ডালিকা দেয়া হয়েছে। মাধ্যমিক শিক্ষক সমিতি মাঝের কেউ ডালিকা দিয়েছে কিনা তা আফার জানা নেই।

অপরদিকে শিক্ষক সমিতির সভাপতি এরশাদ উল্লাহ মত্বমদার জানান, ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে বোর্ড নির্ধারিত সহায়ক বইয়ের পাশাপাশি আমরা আরো কিছু বই ডালিকাভুক্ত করেছি। যাদের সামর্থ্য রয়েছে তারা এই বইগুলো কিনবে, তবে কারো উপর বাধ্যবাধকতা করা হয়নি। অন্যদিকে সমিতির সেক্রেটারি ওয়াদী উল্লাহ র মোবাইলে তার বক্তব্য জানানর জন্য ফোন করলে তিনি কল রিসিভ করার পর সাংবাদিক জেনে এবং অভিযোগ ব্যাপারে জানতে চাইলে রং নাফার বলে কল কেটে দেন।